

(খ) “আপনার ফাইলে মানুষদের মধ্যে থেকে তাঁর নামটা কেটে দিতে হবে। তিনি তো মানুষ নন, তিনি যে দেবতা, তিনি যে ভগবান।”— কে, কার সম্পর্কে এ কথা বলেছে? এ কথা বলার কারণ কী? ২+৩

(গ) ‘একি! এঁকেই তো সে এই মাত্র মাঠের মধ্যে দেখেছে, এই সেই অপরূপ সুন্দর নারী তো!’— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতিটি ব্যাখ্যা করো। ২+৩

(ঘ) ‘ভুলুম না ভাই এই রাত্রের কথা। নসিবে থাকলে আবার তোমার লগে মোলাকাত হইব।’— কে, কাকে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো। ২+৩

৮। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘আমি সত্যই ক্রিস্টান নাই গো বাপু।’— উক্তিটি কার? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটি ব্যাখ্যা করো। ১+৪

(খ) ‘আবার সেই অপ্রশস্ত নোংরা গলি দিয়ে হাঁটতে হাঁটতে তন্ময় হ’য়ে ভাবে দেবরত, এই মধ্যবিত্ত সংগ্রামের আড়ালেই কি বয়ে চলেছে লেখিকার জীবনের অন্তঃসলিলা প্রাণের প্রবাহ।’— লেখিকা কে? “অন্তঃসলিলা প্রাণের প্রবাহ” বলতে কী বোঝানো হয়েছে? ১+৪

(গ) ‘আজকের রাতটা বড় আদ্ভুত! অনেকদিন মনে থাকবে!’— কে, কাকে কথাটা বলেছে? রাতটা আদ্ভুত কেন? ২+৩

(ঘ) ‘ওস্তাদ ছেলে। পৌত্তলিক হবার পর নিজের দেবতাও বেছে নিয়েছে এমন এক দাড়িওয়ালাকে, যে কলমা পড়ে।’— কে, কার সম্বন্ধে উক্তিটি করেছেন? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও। ২+৩

### সপ্তম পত্র—২০১৪

#### পূর্ণমান-১০০

১। সমালোচনা সাহিত্য বলতে কী বোঝ? সাহিত্য সমালোচনার বিভিন্ন পদ্ধতিগুলির নামোল্লেখ করে যে-কোনো দু’টি পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৪+৪+৫+৫

অথবা, (খ) যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করো : ৯+৯

(অ) বস্তুগত প্রবন্ধ (আ) পত্র সাহিত্য (ই) রম্য রচনা (ঈ) ভ্রমণ সাহিত্য

২। (ক) ‘কমলাকান্তের দপ্তর’ কোন্ জাতীয় রচনা তা পাঠ্য-প্রবন্ধগুলি অনুসরণে লেখো। ১২

অথবা, (খ) ‘বিড়াল’ প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও। ১২

৩। (ক) “পুষ্প আপনার জন্য ফটে না। পরের জন্য তোমার হৃদয়-কুসুমকে প্রস্ফুটিত করিও।”—কোন রচনার অংশ? ‘হৃদয়-কুসুম প্রস্ফুটিত’ করার প্রসঙ্গটি বুঝিয়ে দাও। ১+৩

অথবা, (খ) “সুখে আমার অধিকার নাই, কিন্তু তাই বলিয়া মনে করিও না যে, তোমরা বিবাহ করিয়াছ বলিয়া সুখী হইয়াছ।” কোন রচনার অংশ? প্রসঙ্গ ব্যাখ্যা করো। ১+৩

৪। (ক) “ছিন্নপত্রের পাঠ্য-পত্রগুলি অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি-চেতনা আলোচনা করো। ১২

অথবা, (খ) “ছিন্নপত্রের পত্রগুলির মধ্যে রবীন্দ্রনাথের গদ্যরীতির যে নিদর্শন পাওয়া যায় তোমার পাঠ্য-পত্রগুলি অবলম্বনে আলোচনা করো। ১২

৫। (ক) “এর মুখে ভারী একটি সুদূরব্যাপী বিষাদ লেগে আছে”—কার মুখের কথা বলা হয়েছে? ‘সুদূরব্যাপী বিষাদ লেগে’ থাকার কারণ কী? ১+৩

অথবা, (খ) “এখানকার রৌদ্রে আমার সেই ছবি দেখার বাল্যস্মৃতি ভারি জেগে ওঠে।” ‘এখানকার’ বলতে কোন্ স্থানের কথা বলা হয়েছে? ‘সেই ছবি’ বলতে কোন্ ছবির প্রসঙ্গ এসেছে? এরকম মনে হওয়ার কারণ কী? ১+১+২

৬। (ক) “সব ছবিরই দুটো দিক থাকে।”কোন্ কোন্ দিকের কথা বলা হয়েছে? পটুয়া শিল্পে তা কীভাবে আত্মপ্রকাশ করেছে? অন্যান্য দেশের প্রাগৈতিহাসিক শিল্পের সঙ্গে আমাদের পটুয়া শিল্পের পার্থক্য কোথায়? ২+৩+১০

অথবা, (খ) ভারতবর্ষের ভাষা সমস্যা সমাধানে ও সংহতি বিধানে প্রাবন্ধিক যে পথ নির্দেশ করেছেন ‘যে দেশে বহু ধর্ম বহু ভাষা’ প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো। ১৫

৭। (ক) ‘আধুনিক সাহিত্য’ প্রবন্ধে প্রাবন্ধিক আধুনিকতার মূল বাণী হিসাবে কোন বস্তুকে চিহ্নিত করেছেন? সেই বাণী আধুনিক বাংলা সাহিত্যে কতটা স্ফূর্তিলাভ করেছে তা আলোচনায় পরিস্ফুট করো। ১৫

অথবা, (খ) “সব সত্ত্বেও একথা সত্য যে রবীন্দ্রনাথের পরে বাংলাভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।” কার সম্পর্কে এই মন্তব্য? এই মন্তব্যের যৌক্তিকতা বিচার করো। ১+১৪

৮। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো : ২০

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে সমাজ চেতনা (খ) মধ্যযুগের বাংলা কাব্যে নারী (গ) প্রবন্ধ-শিল্পী বঙ্কিমচন্দ্র (ঘ) বাংলা ঐতিহাসিক উপন্যাস (ঙ) ছোটগল্পকার রবীন্দ্রনাথ (চ) দ্বিজেন্দ্রলাল : কবি ও নাট্যকার (ছ) উনিশ শতকের সাময়িক পত্র (জ) স্বাধীনতা-উত্তর বাংলা কবিতা।